**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**রাজস্ব বাজেট শাখা**
**www.tmed.gov.bd**

নং- ৫৭.০০.০০০০.০৪৪.০২.০০২৮.১৮(অংশ)-**৬০**

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪৩১ / ১৯ ফেব্রুয়ারি ২০২৫

**"কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত ২০২৫)"**

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর পরিচালন বাজেটের আওতায় ১৬০০১০১-১২০০০১৫১৪ কোডে বরাদ্দকৃত অর্থ যোগ্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের মধ্যে স্বচ্ছ ও সুষ্ঠুভাবে বিতরণের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

২। **শিরোনাম:** এ নীতিমালা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিচালন বাজেটের আওতায় "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের অনুদান প্রদান নীতিমালা (সংশোধিত ২০২৫)" নামে অভিহিত হবে।

৩। **পরিধি:** এ নীতিমালা শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের জন্য বিশেষ মঞ্জুরি বরাদ্দের (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর পরিচালন বাজেটে ১৬০০১০১-১২০০০১৫১৪ কোডের) ক্ষেত্রে অনুসৃত হবে।

৪। সংজ্ঞা: (ক) শিক্ষা প্রতিষ্ঠান বলতে সরকারি/বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র, (অনুদানপ্রাপ্ত/ অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও সরকারি/বেসরকারি এমপিওভূক্ত মাদ্রাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বুঝাবে।

(খ) শিক্ষক-কর্মচারী বলতে সরকারি/বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত /অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও সরকারি/বেসরকারি এমপিওভূক্ত মাদ্রাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বুঝাবে।

(গ) শিক্ষার্থী বলতে সরকারি/বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/ অনুদানবিহীন) এবতেদায়ী মাদ্রাসা ও সরকারি/বেসরকারি এমপিওভূক্ত মাদ্রাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের বুঝাবে।

(ঘ) জটিল ও ব্যয়বহুল রোগ বলতে ক্যান্সার, হৃদরোগ, কিডনি-ব্যাধি, হেপাটাইটিস,ডায়াবেটিস-মেলিটাস, পক্ষঘাত, বক্ষব্যাধি, কৃত্রিম, অঙ্গপ্রতঙ্গ সংযোজন সংক্রান্ত রোগ ও দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হওয়াকে বুঝাবে।

(ঙ) দৈব দুর্ঘটনা বলতে দৈব বা দৈবযোগে ঘটা বা আকস্মিক দুর্ঘটনা বুঝাবে।

(চ) প্রতিবন্ধী বলতে যে কোন কারণে ঘটিত দীর্ঘমেয়াদী বা স্থায়ীভাবে শারীরিক, মানসিক, বুদ্ধিগত, বিকাশগত বা ইন্দ্রিয়গতভাবে ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে বুঝাবে।

৫। অর্থপ্রাপ্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও শর্তাদি:

ক) শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার, আসবাবপত্র তৈরী, খেলাধুলার সরঞ্জাম ক্রয়, প্রতিষ্ঠানে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী-বান্ধব পরিবেশ তৈরী করা এবং পাঠাগারের উন্নয়ন কাজের জন্য সাহায্যের মঞ্জুরীর আবেদন করতে পারবে। কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান বাছাইয়ের ক্ষেত্রে অনগ্রসর এলাকার অসচ্ছল শিক্ষা প্রতিষ্ঠান অথচ প্রতিষ্ঠানের লেখাপড়ার মান ভাল এরূপ প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করতে হবে;

খ) শিক্ষক-কর্মচারীগণ তাঁদের জটিল ও ব্যয়বহুল রোগ এবং দৈব দুর্ঘটনা জনিত অসুস্থতার জন্য মঞ্জুরির আবেদন করতে পারবেন;

গ) শিক্ষার্থীগণ জটিল ও ব্যয়বহুল রোগ, দৈব দুর্ঘটনা জনিত অসুস্থতা এবং শিক্ষা ব্যয় নির্বাহের জন্য মঞ্জুরির আবেদন করতে পারবে। তবে এ বিশেষ মঞ্জুরি প্রদানের ক্ষেত্রে প্রতিবন্ধী, দরিদ্র মেধাবী ও অনগ্রসর সম্প্রদায়ের শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করতে হবে;

৬। আবেদন প্রেরণ, গ্রহণ এবং যাচাই-বাছাই প্রক্রিয়া:

ক) অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের তারিখ বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে।

খ) নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক গঠিত কমিটি যাচাই-বাছাইপূর্বক মঞ্জুরি প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের তালিকা চূড়ান্ত করে কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্ত পেশ করবে।

৭। কমিটি গঠন:

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটি:**

| | | |
|---|---|---|
| ১) | সচিব কর্তৃক মনোনীত অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব | আহবায়ক |
| ২) | যুগ্ম-সচিব/উপ-সচিব (প্রশাসন)/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) | সদস্য |
| ৩) | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি (পরিচালক পর্যায়ের) | সদস্য |
| ৪) | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি প্রতিনিধি (পরিচালক পর্যায়ের) | সদস্য |
| ৫) | পরিচালক,শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৬) | উপসচিব/ সিনিয়র সহকারী সচিব (রাজস্ব বাজেট) | সদস্য-সচিব |

৮। **অর্থ ব্যয়ের পদ্ধতি ও শর্তাদি:**

ক) বরাদ্দ পাওয়া শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে গভর্নিং বডি/ ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে প্রাপ্ত অর্থ আর্থিক বিধি-বিধান অনুসরণ করে খরচ করতে হবে;

খ) অর্থ প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে অর্থ ব্যয় করতে হবে। অর্থ ব্যয়ের ১ (এক) মাসের মধ্যে সম্পাদিত কাজের ছবি, অর্থ ব্যয়ের বিল ভাউচার এর সত্যায়িত (ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও প্রধান শিক্ষক কর্তৃক) কপি এবং কমিটির রেজুলেশন এর কপিসহ প্রতিবেদন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ে প্রতিবেদন দিতে ব্যর্থ হলে উক্ত শিক্ষা প্রতিষ্ঠান ভবিষ্যতে আর্থিক অনুদান পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে;

গ) উক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনো প্রকারের অনিয়ম/অব্যবস্থাপনার প্রমাণ পাওয়া গেলে প্রযোজ্য ক্ষেত্রে এমপিও/ব্যবস্থাপনা কমিটি বাতিলসহ বিধি মোতাবেক অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে;

ঘ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব নম্বরে প্রদান করা হবে;

ঙ) শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে;

৯। **মঞ্জুরিপ্রাপ্ত অর্থের শ্রেণি ভিত্তিক বিভাজন:**

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের আওতায় (কোড নং: ১৬০০১০১-১২০০০১৫১৪) শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ মঞ্জুরি বাবদ অর্থ নিম্নোক্তভাবে বন্টন করা হবে:

| আর্থিক মঞ্জুরি ভোগের ধরন | | |
|---|---|---|
| ১) | শিক্ষা প্রতিষ্ঠান | ১০% |
| ২) | শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী | ১৫% |
| ৩) | শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী | ৭৫% |

১০। **শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উপবরাদ্দকৃত অর্থের বিভাজন:**

| আর্থিক মঞ্জুরি ভোগের ধরন | | |
|---|---|---|
| ১) | স্বীকৃতিপ্রাপ্ত সংযুক্ত/স্বতন্ত্র (অনুদানপ্রাপ্ত/অনুদানবিহীন) এবতেদায়ী শিক্ষা প্রতিষ্ঠান | ১০% |
| ২) | দাখিল/এসএসসি (ভোকেশনাল) সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান | ৪০% |
| ৩) | আলিম/এইচএসসি(বিএম)/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান | ৪০% |
| ৪) | ফাজিল/কামিল/ইঞ্জিনিয়ারিংকলেজ | ১০% |

১১। **শিক্ষার্থীদের জন্য উপবরাদ্দকৃত অর্থের বিভাজন:**

| আর্থিক মঞ্জুরি ভোগের ধরন | | |
|---|---|---|
| ১) | ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত ছাত্র/ছাত্রী | ১০% |
| ২) | ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত ছাত্র/ছাত্রী | ২০% |
| ৩) | ৯ম থেকে ১০ম শ্রেণি ছাত্র/ছাত্রী | ৩০% |
| ৪) | একাদশ ও দ্বাদশ /ডিপ্লোমা এর ছাত্র/ছাত্রী | ৩০% |
| ৫) | ফাজিল/কামিল/বিএসসি ইঞ্জিনিয়ারিং এর ছাত্র/ছাত্রী | ১০% |

১২। কোনো ক্যাটাগরিতে যথোপযুক্ত প্রস্তাব পাওয়া না গেলে ঐ ক্যাটাগরির উদ্বৃত্ত অর্থ যে কোনো ক্যাটাগরিতে বিতরণ করা যাবে।

১৩। শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের মধ্যে নিম্নরূপ হারে আর্থিক সর্বোচ্চ মঞ্জুরি প্রদান করা যাবেঃ

| আর্থিক মঞ্জুরি ভোগের ধরন | | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১) | একক শিক্ষা প্রতিষ্ঠান | ৫০,০০০/- |
| ২) | একজন শিক্ষক/কর্মচারী | |
| ৩) | এবতেদায়ী (১ম থেকে ৫ম শ্রেণী) পর্যায়ের প্রতি শিক্ষার্থী | |
| ৪) | দাখিল/এসএসসি (ভোকেশনাল) পর্যায়ের প্রতি শিক্ষার্থী (৬ষ্ঠ শ্রেণী থেকে ১০ম শ্রেণী) | |
| ৫) | আলিম/এইচএসসি(বিএম)/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পর্যায়ের প্রতি শিক্ষার্থী (একাদশ শ্রেণী) | |
| ৬) | কামিল/ফাজিল/বিএসসি ইঞ্জিনিয়ারিং পর্যায়ের প্রতি শিক্ষার্থী | |

১৪। শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রদানকৃত অর্থ এককালীন মঞ্জুরি হবে এবং শিক্ষক-কর্মচারী ও ছাত্রছাত্রীদের জন্য প্রদানকৃত অর্থ অনুদান হিসাবে গণ্য হবে।

১৫। বাজেট প্রাপ্তি সাপেক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বাজেট শাখা আবেদন চেয়ে বিজ্ঞপ্তি জারী করবে। বিজ্ঞপ্তির কপি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর ওয়েবসাইটে এবং বহুল প্রচলিত একটি বাংলা ও একটি ইংরেজী জাতীয় পত্রিকায় প্রকাশ করতে হবে। বিজ্ঞপ্তির কপি জেলা প্রশাসক এবং জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। জেলা শিক্ষা অফিসার জেলার সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করবেন।

১৬। অনুমোদিত নীতিমালা বাজেট শাখা থেকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন দপ্তর-সংস্থায় এবং জেলা প্রশাসক এর কার্যালয়ে প্রচার প্রচারনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করতে হবে।

১৭। নীতিমালায় যা কিছুই থাকুক না কেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নিজস্ব বিবেচনায় বিশেষ ক্ষেত্রে শিক্ষার্থী/শিক্ষক-কর্মচারী/অসচ্ছল শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে এ খাত থেকে অর্থ মঞ্জুর করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৮। আবেদন/সুপারিশকে অর্থ প্রাপ্তির অধিকার হিসাবে গণ্য করা যাবে না।

স্বাক্ষরিত/-
তারিখ: ১৬/০২/২০২৫
ড. খ ম কবিরুল ইসলাম
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

নং- ৫৭.০০.০০০০.০৪৪.০২.০০২৮.১৮(অংশ)-**৬০/১(২১১)**

তারিখঃ ০৬ ফাল্গুন ১৪৩১ / ১৯ ফেব্রুয়ারি ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:-**

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন ও অর্থ/মাদ্রাসা/কারিগরি/অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস ( ৭ম এবং ১০ম তলা), নিউ বেইল রোড , ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন-(১/২/৩)/কারিগরি-(১/২)/মাদ্রাসা/পরিকল্পনা ও উন্নয়ন-(১/২)), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬. জেলা প্রশাসক,..........................................(সকল)।
৭. সহকারী কমিশনার (শিক্ষা)..........................................(সকল)।
৮. চিফ একাউন্টস্ এন্ড ফাইন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৯. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। **(উপরোক্ত নির্দেশনাটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের পদক্ষেপ করবেন)**।
১০. জেলা শিক্ষা অফিসার,..........................................(সকল)।
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৯/০২/২৫
(সৈয়দ মোহাম্মদ জাহিদ হোসেন)
উপসচিব
ফোন: ২২২৩৩৫৬৩৬১